গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
শৃঙ্খলা-২ শাখা
www.moha.gov.bd

স্মারক নং-৪৪.০০.০০০০.০০০.২৩৫.২৭.০১০৪.২৫. ৬২৬

তারিখ : ৩১ আষাঢ় ১৪৩৩ / ১৫ জুলাই ২০২৬

## প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মো: মাসুদুর রহমান মনির (বিপি-৮৩১২১৪৭৭০৭) অতিরিক্ত পুলিশ সুপার, ভারপ্রাপ্ত কোম্পানী কমান্ডার, সিপিএসসি, র‍্যাব-৮, বরিশাল হিসেবে কর্মকালীন গত ১৩.১১.২০২৪ তারিখ পূর্বাহ্ন থেকে কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে গরহাজির থাকেন। কর্মস্থলে অনুপস্থিতির কারণে তাঁর ব্যক্তিগত ও অফিসিয়াল মোবাইল ফোন নম্বরে যোগাযোগের চেষ্টা করে মোবাইল ফোন বন্ধ পাওয়া যায়। বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির বিষয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য অধিনায়ক, র‍্যাব-৮, বরিশাল গত ১৩.১১.২০২৪ তারিখে র‍্যাব সদর দপ্তরে প্রতিবেদন প্রেরণ করেন। গত ১৩.১১.২০২৪ তারিখে তাঁর অফিস কক্ষ তল্লাশীকালে ১২.১১.২০২৪ তারিখে তাঁর স্বাক্ষরিত ১০ (দশ) দিনের ছুটির আবেদনপত্র পাওয়া যায়। উক্ত আবেদনপত্র অধিনায়ক, র‍্যাব-৮. বরিশাল গত ১৮.১১.২০২৪ তারিখে র‍্যাব সদর দপ্তর, ঢাকায় প্রেরণ করেন। পরবর্তীতে, তিনি ০৪ (চার) সপ্তাহের মেডিকেল ছুটির আবেদনপত্র ডাক্তারী পরামর্শপত্রসহ সুন্দরবন কুরিয়ার সার্ভিসের মাধ্যমে অধিনায়ক, র‍্যাব-৮, বরিশাল বরাবর প্রেরণ করেন, যা ২৪.১১.২০২৪ তারিখে র‍্যাব সদর দপ্তর, ঢাকায় প্রেরণ করা হয়। তাঁর ছুটির উভয় আবেদন প্রেরণ বিধি মোতাবেক বিবেচিত না হওয়ায় তা গত ১৫.১২.২০২৪ তারিখে র‍্যাব সদর দপ্তর থেকে অধিনায়ক, র‍্যাব-৮ বরিশাল বরাবর ফেরত পাঠানো হয়। কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কর্মস্থলে তাঁর অনুপস্থিতিকাল ৬০ (ষাট) দিনের অধিক হওয়ায় পুলিশ অধিদপ্তর কর্তৃক গত ১৭.০৩.২০২৫ তাঁর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। গত ২২.০৬.২০২৫ তারিখে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি অনুযায়ী যথাক্রমে "অসদাচরণ" ও "পলায়ন"-এর অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক কারণ দর্শানো হয়; এবং

০২। তিনি কারণ দর্শানোর জবাব প্রদান না করায় এবং তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হলে গুরুদন্ড আরোপের সম্ভাবনা থাকায় অভিযোগসমূহ তদন্তপূর্বক প্রতিবেদন প্রদানের জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(২)(ঘ) মোতাবেক গত ২৯.০৯.২০২৫ তারিখে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

০৩। তদন্তকারী কর্মকর্তা কর্তৃক গত ০৮.০১.২০২৬ তারিখে দাখিলকৃত প্রতিবেদনে তাঁর বিরুদ্ধে আনীত "অসদাচরণ" ও "পলায়ন"-এর অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করা হয় । সে পরিপ্রেক্ষিতে তাঁকে **"চাকুরি হইতে বরখাস্ত"** সূচক গুরুদন্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণপূর্বক সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(৯) বিধি মোতাবেক গত ২৫.০১.২০২৬ তারিখে ২য় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়। তিনি ২য় কারণ দর্শানো নোটিশেরও জবাব প্রদান করেননি; এবং

০৪। তদন্ত প্রতিবেদন, অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক অন্যান্য বিষয়াদি পর্যালোচনায় তাঁর বিরুদ্ধে আনীত "অসদাচরণ" ও "পলায়ন"-এর অভিযোগ প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩)(ঘ) বিধি মোতাবেক তাঁকে **"চাকুরি হইতে বরখাস্ত"** সূচক গুরুদন্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত বহাল রাখা হয়। সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(১০) বিধি এবং বাংলাদেশ সরকারি কর্ম কমিশন (পরামর্শকরণ) রেগুলেশনস, ১৯৭৯ এর ৬ নং রেগুলেশন মোতাবেক উক্ত গুরুদন্ড প্রদানের বিষয়ে পরামর্শ প্রদানের জন্য গত ০৮.০৪.২০২৬ তারিখে বাংলাদেশ সরকারি কর্ম কমিশন-কে অনুরোধ জানানো হয়। তৎপ্রেক্ষিতে, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন গত ০৯.০৬.২০২৬ তারিখে তাঁকে **"চাকুরি হইতে বরখাস্ত"** সূচক গুরুদন্ড আরোপ করা যায় মর্মে পরামর্শ প্রদান করে; এবং

০৫। যেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(৬) বিধি অনুযায়ী জনাব মো: মাসুদুর রহমান মনির (বিপি-৮৩১২১৪৭৭০৭), সাবেক অতিরিক্ত পুলিশ সুপার, ভারপ্রাপ্ত কোম্পানী কমান্ডার, সিপিএসসি, র‍্যাব-৮, বরিশাল (বর্তমানে সাময়িক বরখাস্ত ও পলাতক)-কে **"চাকুরী হইতে বরখাস্তকরণ"** সূচক গুরুদন্ড প্রদানের প্রস্তাব নিয়োগকারী কর্তৃপক্ষ হিসেবে মহামান্য রাষ্ট্রপতি গত ১৩.০৭.২০২৬ তারিখে সানুগ্রহ অনুমোদন করেন;

০৬। সেহেতু, জনাব মো: মাসুদুর রহমান মনির (বিপি-৮৩১২১৪৭৭০৭), সাবেক অতিরিক্ত পুলিশ সুপার, ভারপ্রাপ্ত কোম্পানী কমান্ডার, সিপিএসসি, র‍্যাব-৮, বরিশাল-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি অনুযায়ী যথাক্রমে "অসদাচরণ" ও "পলায়ন"-এর দায়ে রুজুকৃত বিভাগীয় মামলায় প্রমাণিত অভিযোগের গুরুত্ব বিবেচনায় একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি মোতাবেক গুরুদণ্ড হিসেবে তাঁকে পলায়নের তারিখ ১৩.১১.২০২৪ থেকে **"চাকুরী হইতে বরখাস্ত"** করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

১৫/০৭/২৬

মনজুর মোর্শেদ চৌধুরী
সিনিয়র সচিব

স্মারক নং-৪৪.০০.০০০০.০০০.২৩৫.২৭.০১০৪.২৫. ৬২৬

তারিখ : ৩১ আষাঢ় ১৪৩৩ / ১৫ জুলাই ২০২৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা

২) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৩) পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা

৪) মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)

৫) উপসচিব, পুলিশ-১ শাখা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)

৬) সিনিয়র সচিবের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

৭) চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা

৮) উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও (প্রজ্ঞাপনটি গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)

৯) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

১০) জনাব মো: মাসুদুর রহমান মনির (বিপি-৮৩১২১৪৭৭০৭), সাবেক অতিরিক্ত পুলিশ সুপার, ভারপ্রাপ্ত কোম্পানী কমান্ডার, সিপিএসসি, র‍্যাব-৮, বরিশাল (চাকুরী হইতে বরখাস্তকৃত)

১১) অতিরিক্ত সচিব (শৃঙ্খলা অনুবিভাগ)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

১২) অফিস কপি/মাস্টার কপি।

Rahman
১৫-৭-২০২৬

মোহাম্মদ মিজানুর রহমান তালুকদার
উপসচিব